

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.dwa.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৮.১৬.০২৬.১৬ - ০১৮

তারিখঃ ০৮/১২/২০১৬খ্রিঃ

বিষয়ঃ ২০১৫-২০১৬ চক্রের ভিজিডি কর্মসূচির উপকারভোগী মহিলাদের সঞ্চয়ের অর্থ (মুনাফাসহ) ফেরত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচির চলমান ২০১৫-২০১৬ চক্র আগামী ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে সমাপ্ত হবে। একই সাথে কর্মসূচির আওতায় চুক্তিবদ্ধ এনজিও'র মাধ্যমে উন্নয়ন প্যাকেজ সেবা, প্রশিক্ষণ ও সঞ্চয় কার্যক্রমের সময়সীমা সমাপ্ত হওয়ার পর এনজিও কর্তৃক ভিজিডি উপকারভোগী মহিলাদের নিকট হতে মাসিক ৪০/- হারে উত্তোলিত জমাকৃত সঞ্চয়ের অর্থ ফেরত প্রদান অপরিহার্য। কর্মসূচির লক্ষ্য অনুযায়ী এনজিও কর্তৃক ভিজিডি সঞ্চয় হিসাব নম্বরে জমাকৃত সঞ্চয়ের অর্থ চক্রের মেয়াদ সমাপ্ত হওয়ার দুই সপ্তাহের মধ্যে (১৫ জানুয়ারী ২০১৭) মুনাফাসহ ভিজিডি উপকারভোগী মহিলাদের পূর্ব নির্ধারিত তারিখে মান্ডার রোলার মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ট্যাগ অফিসারের উপস্থিতিতে ফেরত প্রদান করতে হবে।


বর্ণিত অবস্থায়, ২০১৫-২০১৬ চক্রের ভিজিডি উপকারভোগী মহিলাদের জমাকৃত সঞ্চয়ের অর্থ মুনাফাসহ আগামী ১৫ জানুয়ারী ২০১৭ এর মধ্যে প্রত্যেক উপকারভোগীর মাঝে বিতরণ পূর্বক ২০ জানুয়ারী ২০১৭ মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক প্রত্যয়িত প্রতিবেদন (ব্যাংক স্টেটমেন্টসহ) প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

১। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

.....

২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

.....


মোঃ জাহাঙ্গীর হোসেন, এন.ডি.সি
পরিচালক (যুগ্ম সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
☎ঃ ০২-৯৩৩৬০৬৩

জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক (সকল),
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
(ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলাঃ জেলাঃ
- ৪। নির্বাহী পরিচালক/চেয়ারম্যান